গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী ঢাকা।
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১০.১৯ . ৪১৪

তারিখঃ ১৯/১২/১৪২৮ বঙ্গাব্দ
০৪/০১/২০২১খ্রিষ্টাব্দ

২য় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি জনাব ফজলুল হক, পিতাঃ মৃত নুরুল হক, সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা গত ৩০/০৫/২০১৮ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন।

২। যেহেতু, উল্লিখিত কারণে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের এর ১৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখে ডিজিএনএম/শ-১/১ফ-১৪৮/৯৮/২০৭ নং স্মারকে আপনাকে কৈফিয়ত তলব করা হয় এবং যেহেতু আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের এর ০৬/১০/২০১৯ খ্রিঃ তারিখে ডিজিএনএম ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১০.১৯/২০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়।

৪। যেহেতু, আপনি অভিযোগনামার জবাব দাখিল করেননি বা আপনি কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ করেননি।

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের এর ১৪/০৮/২০১৯ খ্রিঃ তারিখে ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১০.১৯/২০ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

৬। যেহেতু, আপনি তদন্ত কর্মকর্তার তদন্ত কার্যক্রমে হাজির হননি।

৭। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত ০১/০৯/২০২১ খ্রিঃ তারিখের তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়।

৮। যেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক পলায়নের দায়ে অভিযুক্ত করে একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী অননুমোদিত অনুপস্থির তারিখ অর্থাৎ ৩০/০৫/২০১৮ খ্রিঃ তারিখ হতে আপনাকে অবিলম্বে বরখাস্ত (dismissal) করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৯। সেহেতু, কেন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত গুরুদন্ড আরোপ করা হবে না, ঐ একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক তার লিখিত জবাব অত্র নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নসাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এসাথে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের কপি প্রেরণ করা হলো।

প্রাপকঃ জনাব ফজলুল হক
সিনিয়র স্টাফ নার্স

১।বর্তমান ঠিকানাঃ
জনাব ফজলুল হক
পিতাঃ মৃত নুরুল হক
সিনিয়র স্টাফ নার্স
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

স্থায়ী ঠীকানাঃ
জনাব ফজলুল হক
পিতাঃ মৃত নুরুল হক
সিনিয়র স্টাফ নার্স
গ্রামঃ ২৩, আমিনবাগ (কামরাঙ্গি চর), পোঃ আশ্রাফাবাদ, থানাঃ লালবাগ, জেলাঃ ঢাকা-১২১০।

০৪/০১/২০২১
সিদ্দিকা আক্তার
( অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ই-মেইলঃinfo@dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১০.১৯, ৪২৪/১(৭)

তারিখঃ ১৯/১ /১৪২৮ বঙ্গাব্দ
০৪/১০ /২০২১খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

৩। পরিচালক,ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা ।

৪। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। উপপরিচালক, পিএমাইএস শাখা। (নোটিশটি অধিদপ্তরের,ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

৬। সেবা তত্বাবধায়ক ,ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা ।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৪/১০/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০৮১৭